

টুকরো খবর

ইতিহাসিক
২/৭/১২

গ্লোবাল ব্যাংকিংয়ে তথ্যপ্রযুক্তির নিরাপত্তা বিষয়ে সেমিনার

নিরাপদ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে ব্যাংকার্স সিটিও ফোরাম বাংলাদেশ ও আইবিএম-এর যৌথ উদ্যোগে সম্প্রতি ঢাকার একটি হোটেলে অনুষ্ঠিত হয়েছে 'বর্তমান গ্লোবাল ব্যাংকিংয়ে তথ্যপ্রযুক্তির নিরাপত্তা' শীর্ষক সেমিনার। সেমিনারে সভাপতিত্ব করেন মি. তপন কান্তি সরকার, সভাপতি, ব্যাংকার্স সিটিও ফোরাম বাংলাদেশ এবং সিটিও, এনসিসি ব্যাংক লিমিটেড। স্বাগত বক্তব্যে তিনি তথ্যপ্রযুক্তির নিরাপত্তা নিশ্চিত করার গুরুত্ব এবং চ্যালেঞ্জসমূহ নিয়ে আলোচনা করেন। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান। দেশের উন্নয়নে তথ্যপ্রযুক্তির ব্যবহার এবং এর নিরাপত্তা নিশ্চিত করার মাধ্যমেই দেশকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব বলে মন্তব্য করেন তিনি। ব্যাংকসহ অন্য সকল প্রতিষ্ঠানকে তিনি এ



ব্যাপারে দৃষ্টি দেওয়ার আহ্বান জানান। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য মন্ত্রণালয়ের সচিব হেদায়েতউল্লাহ আল মামুন এবং অ্যাসোসিয়েশন অব ব্যাংকার্স বাংলাদেশের চেয়ারম্যান ও এনসিসি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. নূরুল আমিন। সেমিনারে মূল বক্তব্য পেশ করেন বৈদ্যনাথান লায়ার, বিজনেস ইউনিট হেড, আইবিএম সিকিউরিটি সল্যুশনস, আইবিএম। আলোচনা শেষে অতিথিদের হাতে সম্মাননা স্মারক তুলে দেন ব্যাংকার্স সিটিও ফোরাম বাংলাদেশের সেক্রেটারি জেনারেল সৈয়দ মাসুদুল বারি। সমাপনী বক্তব্য পেশ করেন সেমিনার আয়োজক কমিটির আহ্বায়ক দেবদুলাল রায়, আইটি পরামর্শক, অর্থ মন্ত্রণালয়।